নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কোন একটি যুদ্ধে একজন নারীকে নিহত পাওয়া গেল।

আব্দুল্লাহ ইবন উমার রাদিয়াল্লাহু ‘আনহুমা থেকে বর্ণিত; নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কোন একটি যুদ্ধে একজন নারীকে নিহত পাওয়া গেল, তখন তিনি নারী ও শিশুদের হত্যা করতে নিষেধ করেন। [সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

নারী ও শিশুদের হত্যাকে নিন্দা করা দ্বারা প্রমাণিত হয় যে, তাদের হত্যা করা নিষিদ্ধ। কোন কোন হাদীসে এ অর্থে বর্ণিত তার বাণী (এ নারী যুদ্ধ করার জন্য ছিল না) নারীদের হত্যা করা নিষিদ্ধ হওয়া কারণের প্রতি দৃষ্টি আকর্ষণ। কারণ, তাদের মধ্যে স্বাভাবিক নিয়ম হলা যুদ্ধ না করা, যদিও তাদের কারো কারো মধ্য খারাবী ও সাহসিকতা লক্ষ্য করা যায়। কিন্তু বিধান অধিকাংশের সাথে সম্পৃক্ত হয়ে থাকে। তাই তাদের থেকে যে নারী যুদ্ধ করবে তাকে হত্যা করা হবে।

https://sunnah.global/hadeeth/bn/show/2949